

## 💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় : ইহরাম, হজ-উমরার শুরু

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মহিলাদের জন্য নিষিদ্ধ বিষয়গুলো

মহিলারা তাদের মাথা আবৃত রাখবে। তাছাড়া তারা ইহরাম অবস্থায় যেকোনো ধরনের পোশাকই পরতে পারবে। তবে অত্যধিক সাজ-সজ্জা করবে না। ইহরাম অবস্থায় তাদের জন্য যা নিষিদ্ধ তা হচ্ছে,

• হাত মোজা ব্যবহার করবে না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«وَلاَ تَلْبَسِ الْقُفَّازَيْنِ».

'আর মহিলারা হাত মোজা পরবে না।'[1]

• নেকাব পরবে না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«وَلاَ تَنْتَقِبِ الْمَرْأَةُ الْمُحْرِمَةُ »

'আর মুহরিম মহিলারা নেকাব পরবে না।'[2] অর্থাৎ এমনভাবে মুখ ঢাকবে যাতে সহজেই সে আবরণ উঠানো যায় এবং নামানো যায়। পর পুরুষের সামনে মুখ ঢেকে রাখবে। কারণ, মাহরাম ছাড়া পর-পুরুষের সামনে মুখমণ্ডল উন্মুক্ত করা মহিলাদের জন্য বৈধ নয়।

## ফুটনোট

[1]. বুখারী : ১৮৩৮।

[2]. বুখারী : ১৮৩৮।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7352

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন